



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী  
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

শানিবি সার্কুলার নং-০৩/২০১৬

তারিখ : ৩১ জানুয়ারী, ২০১৬।

বিষয় : আমানতের সুদ হার পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

আমানতের সুদ হার পুনর্নির্ধারণ বিষয়ে প্রধান কার্যালয়ের শানিবি সার্কুলার নং-০৩/২০১৫; তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। গত ২১ জানুয়ারী, ২০১৬ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৪৩৭তম সভার অনুমোদনক্রমে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের স্থায়ী আমানতের সুদ হার নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো যা ০১ ফেব্রুয়ারী, ২০১৬ তারিখ হতে কার্যকর হবে :

ক) স্থায়ী আমানত :

ক্রঃ নং	সময় কাল	বিদ্যমান সুদ হার	পুনর্নির্ধারিত সুদ হার (০১.০২.২০১৬ তারিখ হতে কার্যকর)
০১.	ক) ১ মাস হতে ৩ মাসের কম	৬.০০%	৬.০০%
	খ) ৩ মাস হতে ৬ মাসের কম	৭.৫০%	৭.০০%
	গ) ৬ মাস হতে ১ বছরের কম	৭.৫০%	৭.০০%
	ঘ) ১ বছর হতে ২ বছরের কম	৭.৫০%	৭.০০%
	ঙ) ২ বছর ও তদুর্ধ্ব (সর্বোচ্চ ৩ বছর)	৭.৫০%	৭.০০%

খ) ব্যাংকের সঞ্চয়ী ও SND এবং বর্তমানে প্রচলিত বিভিন্ন ধরনের আমানত স্কীমের সুদ হার অপরিবর্তিত থাকবে।

০৩। ইতোমধ্যে যে সকল স্থায়ী আমানত হিসাব খোলা হয়েছে, মেয়াদ পূর্তিতে সে হিসাবগুলির নবায়নের ক্ষেত্রে উপরোক্ত পুনর্নির্ধারিত সুদ হার কার্যকর হবে।

০৪। সুদ হার সংক্রান্ত বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে এই বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

৩১.০১.২০১৬

(আব্দুল্লাহ আল মাহমুদ)  
সহকারী মহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/শানিবি-৮(৬)/২০১৫-২০১৬/ ৮৭১(৪৪৭)

তারিখ : ৩১.০১.২০১৬।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী ও রংপুর।
- ০৫। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক), রাকাব, ঢাকা শাখা, ঢাকা/এলপিও, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী ও রংপুর।
- ০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (জোনাল ব্যবস্থাপকগণের মাধ্যমে)।
- ১৩। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।

৩১.০১.২০১৬

(শামীমা ফেরদৌস শিমুল)  
উর্ধতন মুখ্য কর্মকর্তা